Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 25 June, 2025

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) চট্টগ্রাম রিজিওনাল কমিটির উদ্যোগে কক্সবাজারে জেলা প্রশাসন, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক), জেলা পুলিশ ও ট্যুরিস্ট পুলিশের সাথে দুই দিনব্যাপী এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গত ২২ ও ২৩ জুন, রিহ্যাব চট্টগ্রাম রিজিওনাল কমিটির প্রতিনিধি দল কক্সবাজার জেলার সম্মানিত জেলা প্রশাসক জনাব মোহাম্মদ সালাহ্উদ্দিন, কউক চেয়ারম্যান জনাব মোহাম্মদ সালাউদ্দিন, পুলিশ সুপার জনাব মোঃ সাইফুদ্দীন শাহীন ও অতিরিক্ত ডিআইজি (সুপার নিউমারারি পদোন্নতিপ্রাপ্ত) ট্যুরিস্ট পুলিশ কক্সবাজার রিজিয়ন জনাব মোঃ আপেল মাহমুদের সাথে পৃথকভাবে তাঁদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন।

সভায় রিহ্যাব-এর ভাইস প্রেসিডেন্ট ও চট্টগ্রাম রিজিওনাল কমিটির চেয়ারম্যান হাজী দেলোয়ার হোসেন কক্সবাজারে আবাসন খাতে দীর্ঘদিনের স্থবিরতা, প্রকল্প অনুমোদনের জটিলতা ও পর্যটকদের নিরাপত্তা ইস্যুসমূহ তুলে ধরেন।তিনি বলেন, “পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজারে পর্যটন শিল্পের বিপুল সম্ভাবনা রয়েছে।কিন্তু বিনিয়োগকারীরা বছরের পর বছর প্রকল্প অনুমোদন না পেয়ে আর্থিক ক্ষতির মুখে পড়ছেন।এতে সরকারও বিপুল রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।”

তিনি আরও বলেন, “দেশি-বিদেশি পর্যটকদের আকৃষ্ট করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আন্তরিকতা ও সহযোগিতা প্রয়োজন।সমস্যা সমাধান হলে সরকার এই খাত থেকে শত শত কোটি টাকা রাজস্ব আয় করতে পারবে।”

মতবিনিময়কালে জেলা প্রশাসক জনাব মোহাম্মদ সালাহ্উদ্দিন কক্সবাজারে পর্যটন খাত সংশ্লিষ্ট সমস্যাগুলোর সমাধানে আগামী জুলাই মাসের মধ্যে রিহ্যাব এবং সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে একটি সমন্বয় সভা আয়োজনের ঘোষণা দেন।

কউক চেয়ারম্যান, পুলিশ সুপার এবং অতিরিক্ত ডিআইজি ট্যুরিস্ট পুলিশও সমন্বয় সভা আয়োজন ও সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।

মতবিনিময় সভায় রিহ্যাব পরিচালক ও চট্টগ্রাম রিজিওনাল কমিটির কো-চেয়ারম্যান-১ জনাব মোহাম্মদ মোরশেদুল হাসান, রিজিওনাল কমিটির সদস্য জনাব সৈয়দ ইরফানুল আলম, মিস শারিস্থ বিনতে নূর এবং জনাব মোঃ মাঈনুল হাসান উপস্থিত ছিলেন।

এই মতবিনিময় সভাকে কেন্দ্র করে কক্সবাজারের আবাসন ও পর্যটন খাতে নতুন আশার সঞ্চার হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

রিহ্যাব কক্সবাজার মতবিনিময় সভা চট্টগ্রাম

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:01

URL: https://www.timestodaybd.com/across-the-country/3695775807